

# ঈদের পর এসএসসি পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক

২২ জুন ২০২২ ০৫:১৮

পিএম | আপডেট: ২২ জুন

২০২২ ০৫:১৯ পিএম

20

Shares



ঈদুল আজহার পর এসএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পুরোনো ছবি

advertisement

সিলেটসহ দেশের নানা এলাকায় ভয়াবহ বন্যার কারণে স্থগিত হয়ে যাওয়া চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা ঈদুল আজহার পর শুরু হবে। আজ বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. আবু বকর ছিদ্রীক এ তথ্য জানিয়েছেন।

নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আবু বকর ছিদ্রীক বলেন, দেশে সার্বিক বন্যার কারণে ঈদের আগে পরীক্ষা নেওয়া যাবে না। ঈদের পর পরীক্ষা নিতে হবে। আর এসএসসি পরীক্ষা পিছিয়ে যাওয়ার কারণে এইচএসসি পরীক্ষাও পিছিয়ে যাবে।

ঘোষিত সূচি অনুযায়ী এ বছরের এসএসসি ও সমমান পরীক্ষা গত ১৯ জুন শুরু হওয়ার কথা ছিল। নির্ধারিত সূচি অনুযায়ী এসএসসি পরীক্ষা শেষ হত ৬ জুলাই। কিন্তু সিলেটসহ সারা দেশে সার্বিক বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় গত ১৭ জুন এই পরীক্ষা স্থগিতের ঘোষণা করা হয়।